**নাম: শহীদ মিরাজ**

**জন্ম তারিখ: ১০ ফেব্রুয়ারি, ২০০৬**

**শহীদ হওয়ার তারিখ: ৪ আগস্ট, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা : রাজমিস্ত্রি,
শাহাদাতের স্থান : মিরপুর ১০ এরিয়া

## শহীদের জীবনী

শহীদ মিরাজ ১২ ফেব্রুয়ারি ২০০৬ সালে এক হতদরিদ্র পরিবারে জন্মগ্রণ করেন।তাঁর জন্মস্থান ভোলা জেলার ২ নং পূর্ব ইলিশা ইউনিয়নের নব কুমার গ্রামে। বর্তমানে তাঁরা ঢাকার মিরপুর ৬ এলাকার একটি বস্তিতে বসবাস করছেন।তাঁর পিতা জনাব মো: মাকসুদ ফরাজী একজন দিনমজুর এবং মাতা মোছা: মিনারা বেগম একজন গৃহিণী।মিরাজুল ইসলাম পেশায় ছিলেন একজন রাজমিস্ত্রী শহীদ মিরাজ অনেক ভদ্র একজন মানুষ ছিলেন।তিনি কাউকে গালি দিতেন না।কোন দল পছন্দ করতেন না।২০২৪ সালের জুলাই বিপ্লব আন্দোলনে আওয়ামী সন্ত্রাসীদের গুলিতে আহত হয়ে শাহাদাত বরন করেন।

পারিবারিক অবস্থা

শহীদ মিরাজের পরিবারের অর্থনৈতিক অবস্থা শোচনীয়।তাদের পরিবারের সদস্য সংখ্যা ৭ জন।মিরাজের পিতা দিনমজুরের কাজ করেন আর মা মিনারা বেগম বাসাবাড়িতে কাজ করেন।তার ছোট ভাই মো: রায়হানের বয়স ১৫ বছর এবং মো: আশারফুলের বয়স ৬ বছর।পারিবারিক অসচ্ছলতার কারনে শহীদ মিরাজ পড়াশোনা বাদ দিয়ে রাজমিস্ত্রির কাজ শুরু করেন।তাঁদের সামান্য দিয়ে কোনমতে ডাল ভাত খেয়ে দিনাতিপাত করতেন।

বিস্তারিত ঘটনা

দিনটি ছিল ৪ আগস্ট ২০২৪।প্রতিদিনের মত মিরাজ কাজে যাওয়ার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হন।পথিমধ্যে সংঘর্ষের মুখোমুখি হন।মিরপুর ১০ এরিয়াতে তখন পুলিশ ও আওয়ামীলীগের সন্ত্রাসীদের সাথে আন্দোলনকারীদের তুমুল সংঘর্ষ চলছিল।আন্দোলনকারীদের লক্ষ্য করে পুলিশ ও আওয়ামীলীগের সন্ত্রাসী বাহিনী এলোপাতাড়ি গুলি নিক্ষেপ করছিল।গুলিতে আহত হয়ে আন্দোলনকারীরা রক্তাক্ত হয়ে মাটিতে লুটিয়ে পড়ে অনেকে।আশেপাশের পীচ ঢালা কালো রাস্তা রক্তে লাল হয়ে গিয়েছিল।টিয়ারশেল, বোমা, গ্রেনেড, বুলেট আর বন্দুকের গুলির ভয়ানক শব্দে চারপাশ রণক্ষেত্রে পরিণত হয়।এ যেন বাংলার বুকে এক খন্ড ফিলিস্তিন।

এমন অবস্থায় হঠাৎ একটি গুলি এসে শহীদ মিরাজের বুকের বা পাশ দিয়ে ভেদ করে বেরিয়ে যায়।মুহূর্তেই মাটিতে লুটিয়ে পড়েন তিনি।সেখানেই প্রাণ হারাণ তিনি।পরবর্তীতে তাঁর লাশ উদ্ধার করে গ্রামের বাড়িতে নিয়ে সমাহিত করা হয়।

শহীদ সম্পর্কে নিকটাত্মীয়ের বক্তব্য

প্রতিবেশি চাচা মোঃ মোস্তফা বলেন, ছেলেটি অনেক ভালো ছিল।মুরুব্বি দেখলে সালাম দিত, সব সময় নামাজ রোজার প্রতি মনযোগি ছিল।কখনো কারও সাথে কোন বিবাদে জড়াত না।আল্লাহ মিরাজকে জান্নাত নসিব করুন।আমিন

এক নজরে শহীদের ব্যক্তিগত তথ্যসমূহ
নাম : শহীদ মিরাজ, জন্ম: ১২ ফেব্রুয়ারি ২০০৬
পিতা : জনাব মো: মাকসুদ ফরাজী
মাতা : মোছা: মিনারা বেগম
পেশা : রাজমিস্ত্রি
স্থায়ী ঠিকানা : গ্রাম: নব কুমার ইউনিয়ন: ২ নং পূর্ব ইলিশা, থানা: ভোলা, জেলা: ভোলা
বর্তমান ঠিকানা : মিরপুর রোড ৩৪, মিরপুর ৬, ঢাকা
আহত হওয়ার তারিখ : ০৪/০৮/২০২৪
শাহাদাতের তারিখ : ০৪/০৮/২০২৪